দামুড়হুদার মোক্তারপুর ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

দামুড়হুদার মোক্তারপুর ক্রিকেট টুর্নামেন্ট ২০২১/২২এর ফাইনাল খেলা সম্পন্ন হয়েছে। শুক্রবার বিকেলে মোক্তারপুর ঈদগা মাঠে খেলাটি অনুষ্ঠিত হয়।

জানা যায়, দামুড়হুদার মোক্তারপুর যুবসমাজের আয়োজনে ফাইনাল খেলায় দামুড়হুদা বনানীপাড়া একাদশ বনাম মেহেরপুর জেলার আমঝুপি বয়েজ একাদশ দুটি দল আংশগ্রহণ করে।

খেলার নিদৃষ্ট ১৩ওভারের বিনিময়ে ব্যাট করতে মাঠে নামে আমঝুপি বয়েজ একাদশ। ৭উইকেটের বিনিময়ে ১৮৯রান সংগ্রহ করে আমঝুপি বয়েজ একাদশ।

১৯০ রানের ট্যার্গেট নিয়ে ব্যাট করতে মাঠে নামে দামুড়হুদা বনানীপাড়া একাদশ। ৮উইকেটের বিনিময়ে ১২৫রান সংগ্রহ করে।

খেলা শেষে চ্যাম্পিয়ন দল ও রানারআপ দলকে পুরষ্কার তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলির সভাপতিত্বে পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন আ:লীগের সাধারণ সম্পাদক ইউসুফ আলি। এসময় অতিথি ছিলেন মোক্তারপুর নিম্ম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বখতিয়ার হোসেন, ৮◌ং ওয়ার্ড আ:লীগের সভাপতি সুলতান আহম্মেদ, আ:নেতা মমজেদ আলি।

খেলায় আম্পেয়ারের দায়িত্বে ছিলেন কাজেম আলি, সহকারি আম্পেয়ার ছিলেন সাগর,শফি। খেলায় ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার পান আমঝুপি বয়েজ একাদশের হাবিবুল্লা, ম্যান অফ দ্যা সিরিজের পুরষ্কার পান দামুড়হুদা বনানীপাড়া একাদশের জয়।

খেলাটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন ৮নং ওয়ার্ড আ:লীগের সাধারণ সম্পাদক সাইদুর রহমান টোকন, আবু বক্কর সিদ্দিক,ওয়াসিম আলি।

ধারাভাষ্যে ছিলেন মিজানুর রহমান ও আব্দুল আলিম।

খেলায় পুরষ্কার বিতরণী অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহম্মেদ রিংকু।

আলমডাঙ্গায় পৃথক ২ নারীর গলায় ফাঁস লাগিয়ে আত্নহত্যা

আলমডাঙ্গায় পৃথক স্থানে গলায় ফাঁস লাগিয়ে ২ নারীর আত্নহত্যার ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার পৌর এলাকার মিয়াপাড়া ও জেহালা ইউনিয়নের পারলক্ষীপুর গ্রামে এ আত্নহত্যার ঘটনাটি ঘটে। এ ঘটনায় পৃথক পরিবার আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা দায়ের করেছে।

জানাগেছে, আলমডাঙ্গা পৌর এলাকার মিয়াপাড়া এলাকার সবদুল হোসেনের মেয়ে সুমি খাতুন (২০)। প্রতিদিনের ন্যায় বুধবার রাতে খাবার খেয়ে রাতে তার নিজ রুমে ঘুমাতে যায়।

রাত ১ টার দিকে সবদুল তার মেয়ে সুমিকে ডাকলে সে কোন সাড়া দেয় না। পরে, পরিবারের লোকজন দরজা ভেঙে ঘরের ভিতরে প্রবেশ করলে সুমির ঝুলন্ত লাশ উদ্ধার করে।

এদিকে, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের পারকৃষ্নপুর গ্রামের হাসিবুল ইসলামের মেয়ে রিমকি খাতুন (২৮)। সে দীর্ঘদিন যাবৎ মানসিক রোগে ভুগছিলো।

বিভিন্ন ডাক্তারের নিকট চিকিৎসা চলছিলো রিমকি খাতুনের। বৃহস্পতিবার সন্ধ্যা ৭ টার দিকে নিজ ঘরের আড়ার সাথে ওড়না পেঁচিয়ে আত্নহত্যা করে। এ ঘটনা পৃথক পরিবারের পক্ষ থেকে আলমডাঙ্গা থানায় অপমৃত্যু মামলা দায়ের করেন।

ধর্মীয় শিক্ষার আলোয় আলোকিত করতে হবে সমাজ

দর্শনা রুদ্রনগর দারুল কোরআন হাফিজিয়া মাদ্রাসায় সুধিসমাবেশ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা ১১টায় মাদ্রাসা প্রাঙ্গনে অনুষ্ঠিত সভার সভাপতিত্ব করেন মাদ্রাসা কমিটির সভাপতি ডাঃ রফিকুল ইসলাম।

অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর বলেন, প্রধান মন্ত্রী শেখ হানিনার নের্তৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে দূর্বার গতিতে। আ.লীগ সরকার ধর্মীয় প্রতিষ্ঠান সহ বিভিন্ন প্রতিষ্ঠানের ব্যাপক উন্নয়ন করেছে। ধর্মীয় শিক্ষার আলোকেই গড়তে হবে আলোকিত সমাজ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা আ.লীগের সাধারন সম্পাদক সহিদুল ইসলাম, আতিয়ার রহমান হাবু, এরশাদ আলী মাষ্টার, মাদ্রাসা কমিটির সাধারন সম্পাদক ফারুক হোসেন, মাহতামিম মাও. মোস্তফা কামাল, দর্শনা পুরাতন বাজার কমিটির সাধারন সম্পাদক সাইফুল ইসলাম সোহেল, প্রমুখ।

দেড় বছর কারাভোগ শেষে আপন ঠিকানায় ফিরলেন ভারতীয় যুবতী মনিরা

চুয়াডাঙ্গার দর্শনা জয়নগর আন্তর্জাতিক সীমান্তে দু’দেশের বিজিবি-বিএসএফ সীমান্তরক্ষি বাহিনীর মধ্যে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

এ বৈঠকে অবৈধভাবে সীমান্ত প্রবেশের অপরাধে বাংলাদেশের কারাগারে ১৫ মাস কারাভোগ শেষে মুক্ত হয় ভারত মহাদেশের নদীয়া জেলার ধানতলা থানাধীন চাঁদপুর গ্রামের যুবতী মনিরা খাতুন ওরফে আসমা (২০)।

বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে দর্শনা জয়নগর আন্তর্জাতিক সীমান্তে দু’দেশের বিজিবি-বিএসএফ সীমান্তরক্ষি বাহিনীর মধ্যে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।

এ পতাকা বৈঠকে দু’দেশের সকল প্রক্রিয়া সম্পন্ন শেষে পরিবারের উপস্থিতিতে তাকে ভারতীয় পুলিশের কাছে হস্তান্তর করা হয়।

বাংলাদেশের ময়মনসিংহের এক ছেলের প্রেমের টানে ভারত হতে বাংলাদেশের ঝিনাইদহ জেলার মহেশপুর সীমান্ত দিয়ে অবৈধভাবে বাংলাদেশে প্রবেশ করলে তাকে আটক করে সীমান্তরক্ষী বাহিনী বিজিবি।

মামলা সূত্রে জানা গেছে, ভারত মহাদেশের নদীয়া জেলার ধানতলা থানাধীন চাঁদপুর গ্রামের আইয়ুব আলী বিশ্বাসের মেয়ে ও বগুলা শ্রী কৃষ্ণ কলেজের একাদশ শ্রেণীর ছাত্রী মনিরা খাতুন ওরফে আসমা।

সে ২০২০ সালের ২৩ ডিসেম্বর সন্ধ্যায় ভারত হতে সীমান্ত দিয়ে অবৈধভাবে বাংলাদেশের ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার মাটিলা প্রবেশের দায়ে আসমাকে আটক করে বিজিবি।

পরে তাকে থানা পুলিশের মাধ্যমে আদালতে হাজির করলে ৩ মাসের আটকাদেশ দেন ঝিনাইদহ নারী ও শিশু আদালতের বিচারক। তার কারাভোগের মেয়াদ শেষ হলেও আইনি জটিলতায় দীর্ঘদিন আটক ছিল সে।

তার সকল জটিলতা কাটিয়ে কারাগার হতে মুক্ত হওয়ায় ঝিনাইদহ কারাগারের কারারক্ষির সহায়তায় দর্শনা থানা পুলিশের হেফাজতে নেওয়া হয় দর্শনার জয়নগর সীমান্তে।

সেখানে নেওয়ার পর বাংলাদেশ-ভারত সীমান্তের ৭৬নং মেইন পিলারের নিকট জিরো পয়েন্টে দু’দেশের সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে পতাকা বৈঠকে সকল প্রক্রিয়া শেষে তার পরিবারের নিকট হস্তান্তর করা হয়।

এ সময় বাংলাদেশের পক্ষে উপস্থিত ছিলেন দর্শনা চেকপোস্টের ইনচার্জ এসআই এস,এম আবদুল আলীম, দর্শনা থানার এসআই নীতিশ বিশ্বাস, দর্শনা বিজিবি কোম্পানী কমান্ডার নায়েব সুবেদার জহির উদ্দিন বাবর, চেকপোস্ট বিজিবির নায়েব সুবেদার আলাউদ্দিন ও মানবাধিকারকর্মী আতিয়ার রহমান।

ভারতের পক্ষে উপস্থিত ছিলেন নদীয়া জেলার কৃষ্ণগঞ্জ থানার পরিদর্শক বাবিন মুখার্জি, গেদে চেকপোস্টের ইমিগ্রেশন অফিসার ইন্সপেক্টর সন্দীপ তিওয়ারি, গেদে আইসিপির কোম্পানি কমান্ডার

সুনীল পায়েল, কৃষ্ণগঞ্জেরর ডিআইও স্বাধীন মণ্ডল ও মানবাধিকারকর্মী চিত্ত রঞ্জন দে।

মোটরসাইকেল ভ্রমণই কাল হলো লিটুর

দর্শনা থেকে বন্ধুদের সাথে মোটরসাইকেল যোগে টেকনাফ ভ্রমণে যাওয়ার হলোনা তানভীর শাহ লিটু (১৮) নামের এক কলেজ ছাত্রের। পথিমধ্যে কুমিল্লার চৌদ্দগ্রাম নামক স্থানে ট্রাকের ধাক্কায় মর্মান্তিক মৃত্যু ঘটে তার।

তানভীর শাহ্ ওরফে লিটু দর্শনা পৌরসভাধীন দক্ষিণ চাঁদপুর গ্রামের স্কুল পাড়ার তোফাজ্জেল হোসেন তুফার ছেলে। বুধবার সকাল সাড়ে ৮টার দিকে কুমিল্লা জেলার চৌদ্দগ্রামের ঢাকা-চিটাগাং মহাসড়কে মর্মান্তিক এ দূর্ঘটনা ঘটে।

জানা গেছে, গত মঙ্গলবার রাত সাড়ে ১১টার দিকে ৪ বন্ধু মিলে দুইটি মোটরসাইকেল যোগে কক্সবাজার জেলার টেকনাফের উদ্দেশ্যে রওনা হয় তারা। টেকনাফ থেকে তাদের তেঁতুলিয়া যাবার কথা ছিলো।

কিন্তু পথিমধ্যে এক দূর্ঘটনা তাদের সব স্বপ্নকে এলোমেলো করে দেয়। তাদের গন্তব্যে পৌছানোর পূর্বেই কুমিল্লার চৌদ্দগ্রামে তাদের একটি মোটরসাইকেলে পেছন থেকে সজরে ধাক্কা দেই একটি পন্যবাহী ট্রাক। এসময় ঘটনা স্থলে মারা যায়।

এ দূর্ঘটনায় একই মোটরসাইকেলে থাকা আরোহী দর্শনা মোবারক পাড়ার মোজাপ্ফর হোসেনের ছেলে সাদিক আহম্মেদ (১৮) মারাত্মক ভাবে আহত হয়েছে।

এ ঘটনায় কুমিল্লার চৌদ্দগ্রাম থানায় একটি অপমৃত্যুর মামলা দায়ের হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত লিটুর লাশ কুমিল্লা থেকে দর্শনার উদ্দেশ্যে রওনা হয়ে মানিকগঞ্জ এসে পৌছেছে।

বৃহস্পতিবার সকাল ১০ টায় দক্ষিণ চাঁদপুর স্কুল মাঠে জানাজা শেষে

গ্রামের কবরস্থানে তার দাফন সম্পন্ন হবে বলে পরিবার সুত্র জানিয়েছে। যুবক লিটুর মৃত্যুর খবরে বন্ধু মহলসহ দর্শনা জুড়ে বইছে শোকের মাতম।

দর্শনায় দেড় মাস বয়সী শিশু সন্তান রেখে মায়ের আত্মহত্যা

দর্শনায় দেড় মাস বয়সী শিশু সন্তান ঘরে রেখে গলাইদড়ি দিয়ে দিপা খাতুন (৩২) নামের এক মা আত্মহত্যা করেছে। বুধবার সকাল ৯টার দিকে দর্শনা পৌর এলাকার শ্যামপুর গ্রামের বাড়ির বসত ঘড়ে গলাইদড়ি দিয়ে আত্মহত্যা করে।

সে দর্শনা শ্যামপুর গ্রামের মল্লিক পাড়ারবাবুল হোসেনের স্ত্রী ও চুয়াডাঙ্গা সদর উপজেলার শৈলগাড়ি গ্রামের আবু বক্করের মেয়ে।

জানাগেছে, পারিবারিক কলহের জের ধরে ১ মাস ২৫ দিন বয়সের শিশু সন্তানকে ঘরে রেখে নিজ শয়ন কক্ষে ফ্যানের সাথে ওড়না পেচিয়ে ও গলায় জড়িয়ে দীপা খাতুন আত্মহত্যা করে।

পরিবারের লোকজন ঘটনাটি টেরপেয়ে তাকে তার ঘরের সিলিংফ্যানের সাথে ওড়নায় ঝুলতে দেখে চিৎকার শুরু করে। তাদের আত্মচিৎকারে প্রতিবেশি সহ পরিবারের সদস্যরা ছুটে এসে ঝুলন্ত অবস্থায় দীপা খাতুনকে দেখতে পেয়ে তাকে চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার সময় পথিমধ্যে তার মৃত্যু হয়।

পরে পুলিশ লাশ উদ্ধার করে এবং মেয়ের পরিবারের কোন অভিযোগ না থাকায় শ্যামপুর কবরস্থানে তার লাশের দাফন সম্পন্ন হয়।

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এ,এইচ,এম লুৎফুল কবির জানান, মৃতের পরিবারের কোন অভিযোগ না থাকায় তার লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। এ ঘটনায় দর্শনা থানায় একটি অপমৃত্যু মামলা রুজু করা হয়েছে।

বেগমপুরে বিএনপির ওয়ার্ড কমিটি গঠনে হাতাহাতি, আহত-৩! কমিটি স্থগিত

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুরে বিএনপির ওয়ার্ড কমিটি গঠনেকে কেন্দ্র করে দুটি প্যানেলের হাতাহাতির ঘটনা ঘটেছে।

উক্ত ঘটনায় আহত হয়েছে তিন জন। এঘটনায় কমিটি ঘোষণার পরিবর্তে স্থগিত করে ফিরেছে দর্শনা থানা কমিটির নেতৃবৃন্দরা।

জানাগেছে, বুধবার চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের ১নং ওয়ার্ড বিএনপি’র কমিটি গঠনের দিন ধার্য ছিলো। সে অনুযায়ী বিকাল ৪টার দিকে বেগমপুর ইউনিয়ন পরিষদে চত্বরে কমিটি গঠনের লক্ষে বিএনপি নেতা হানিফ আলীর সভাপতিত্ব বসে কমিটি গঠনে বৈঠক।

কমিটির পদপদবী পাওয়ার জন্য ওয়ার্ডের শফি ও জাফর প্যানেল জিল্লুর ও মোস্তফা প্যানেল দু’টি ভাগে বিভক্ত হয়ে দলীয় নেতাকর্মীদের সাথে নিয়ে সমাবেশ স্থলে অবস্থান নেয়।

আলোচনা শেষে কমিটি গঠনে মাঠ পর্যায়ে জনসমর্থনের দাবি তোলে ওয়ার্ডের নেতাকর্মীরা। এসময় অনুষ্ঠানে উপস্থিত প্রধান সনম্বয়কারী খাজা আবুল হাসনাত ৫ জন নিয়ে আলোচনা করে কমিটির নাম ঘোষনা করার প্রস্তাব রাখেন।

এ কথা শুনা মাত্রই নেতাকর্মীর দিক থেকে শফি ও জাফর প্যানের সংখ্যায় বেশি হওয়ায় হট্রোগোলের পথ বেঁছে নেয় জিল্লু-মোস্তফা সমর্থকেরা। সমাবেশ স্থলে দু’পক্ষের মধ্যে শুরু হয় উত্তেজনা।

এরই একপর্যায় উভয়ের মধ্যে হাতাহাতি ও টেবিল-চেয়ার ভাংচুরের ঘটনা ঘটে। এতে বেগমপুরের ইদবারের ছেলে আকিদুল ও নায়েব আলীর ছেলে স্বপন সহ আহত হয় তিন জন। এ

সময় পরিস্থিতি বেগতিক বুঝতে পেরে ৫ দিনের সময় নিয়ে কমিটি গঠন স্থগিত ঘোষনা করেন সমন্বয়কারী খাজা আবুল হাসনাত।

ব্যাপারে সমন্বয় টিমের সদস্য আসলাম উদ্দিন বলেন, এখন ব্যস্ত আছি পরে কথা বলছি। পরে যোগাযোগ করার চেষ্টা করা হলে তার ফোন বন্ধ পাওয়া যায়।

খাজা আবুল হাসনাত বলেন, আমার উপস্থিতিতে কেউ মারামারি করেনি। বিএনপি একটি বৃহত্তর সংগঠন এখানে প্রতিযোগিতা থাকবে। বর্তমানে ওই কমিটি গঠন স্থগিত করা হয়েছে।

আলমডাঙ্গায় মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলার সমাপনী ও পুরস্কার বিতরণ

মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা ২০২২ উদযাপন উপলক্ষে সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত। বুধবার বিকেল ৩ টার দিকে আলমডাঙ্গা উপজেলা মুক্তিযোদ্ধা মঞ্চে এ অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়।

সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নুরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, উপজেলা সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ, বীর মুক্তিযোদ্ধা নুর মোহাম্মদ জকু, বীর মুক্তিযোদ্ধা মইনুদ্দিন, বীর মুক্তিযোদ্ধা আলতাফ হোসেন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সামসুজ্জেহা, মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারি, প্রাণী সম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি, সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হুসাইন, ইন্সট্রাকটর জামাল উদ্দীন, মৎস্য কর্মকর্তা কামরুন্নাহার আখি, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, মহিলা তথ্য আপা স্নিগ্ধা দাস, আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সেক্রেটারি হামিদুল ইসলাম আজম, উপজেলা আনসার ভিডিপির কর্মকর্তা আজিজুল হাকিম প্রমূখ।

এদিকে, গত ৭ দিন ব্যাপি মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী উপলক্ষে সমাপনী অনুষ্টান শেষে শিক্ষার্থীদের মধ্যে মুক্তিযোদ্ধাদের নিয়ে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্টান শেষে বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

দামুড়হুদায় সাতদিন ব্যাপী মুক্তির উৎসবের সমাপনি ও পুরস্কার বিতরণ

চুয়াডাঙ্গার দামুড়হুদায় সাত দিনব্যাপী স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর সমাপনি, পুরস্কার বিতরণ ও সাংকৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার দুপুরে উপজেলা পরিষদ চত্বরের মুক্তমঞ্চে সমাপনি অনুষ্ঠান ও মুক্তির উৎসব সুবর্ণজয়ন্তী মেলাসহ বিভিন্ন ইভেন্টে প্রতিযোগিদের মাঝে পুরস্কার বিতরন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের নবনির্বাচিত সভাপতি মাহাফুজুর রহমান মনজু,উপরজলা সহকারী কমিশনার(ভ’মি) সুদীপ্ত কুমার সিংহ,বীর মুক্তিযোদ্ধা এরশাদ আলি।

এছাড়াও উপস্থিত ছিলেন,দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, দামুড়হুদা মডেল থানার (ওসি) তদন্ত আব্দুল্লা আল মামুন, বীরমুক্তিযোদ্ধা আছির উদ্দীন।

অনুষ্ঠান শেষে মুক্তির উৎসব সুবর্ণজয়ন্তী মেলার স্টলে প্রথম প্রস্কার পান উপজেলা স্বাস্থ্য বিভাগ,২য় উপজেলা পরিবার পরিকল্পনা ও ৩য় উপজেলা কৃষি অফিস বাকিদেরকে সান্তনা পুরস্কার দেওয়া হয়।

এছাড়াও ৭মার্চ থেকে ২৩ মার্চ পর্যন্ত শেখ মুজিবুর রহমানের

ভাষন,কবিতা আবৃত্তি,চিৎত্রাঅংকন, সাংকৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী দের মাঝে পুরস্কার তুলে দেন অতিথী বৃন্দ। অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা সমবায় অফিসার আব্দুল্লাহ আল মামুন।

দর্শনা মদনা বাজারে ভোক্তা অধিকারের অভিযান। তিন ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমানা

চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে অভিযান পরিচালনা করেছেন। ইউনিয়নের মদনা বাজারের তিন ব্যবসা প্রতিষ্ঠানকে বিভিন্ন অপরাধে জরিমানার আদায় করেছে।

মঙ্গলবার দুপুরে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের মদনা বাজারের মেসার্স বিশ্বাস কসমেটিকস, মেসার্স হ্যানিম্যান হোমিও হল ও মেসার্স আরাফাত ট্রেডার্সে।

এসময় বিভিন্ন অপরাধে তাদের প্রত্যককে দুই হাজার টাকা করে জরিমানা ও অন্যথায় কারাদন্ড প্রদান করেন ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের ভ্রাম্যমান আদালত।

অভিযুক্তরা সকলে ভ্রাম্যমান আদালতে জরিমানার টাকা পরিশোধ করায় কারাদন্ড হতে রেহায় পান। এ অভিযান পরিচালনা ও ভ্রাম্যমান আদালতের বিচারকের দায়িত্ব পালন এবং রায় প্রদান করেন আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের পরিচালক সহকারী পরিচালক সজল আহম্মেদ।

এ অভিযান পরিচালনা ও ভ্রাম্যমান আদালতকে সহায়তা করেন দর্শনা থানা পুলিশ।